

# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 07 April, 2025

গাজায় ফিলিস্তিনী মুসলিমদের ওপর ইসরাইলের বর্বোচিত হামলা ও হত্যাকাণ্ডের প্রতিবাদে পাবনায় শিক্ষার্থী জনতার বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (০৭ এপ্রিল) সকাল ১১টার দিকে শহরের শহীদ চত্বরে এ বিক্ষোভ শুরু হয়। এর আগে বিভিন্ন এলাকা থেকে ছাত্র জনতা বিক্ষোভ মিছিল নিয়ে এসে সমাবেশে যুক্ত হয়। পাবনা জেলা স্কুলসহ শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস পরীক্ষা বন্ধ রেখে শিক্ষার্থীরা এই কর্মসূচিতে অংশ নেয়।

বিক্ষোভে শিক্ষার্থীদের সাথে অংশ নেন বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ। এসময় বক্তব্য দেন, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন পাবনার আহ্বায়ক বরকত উল্লাহ ফাহাদ, ইসলামি ছাত্রশিবির সরকারি এডওয়ার্ড কলেজ শাখার সভাপতি হাসান মাহমুদ, ছাত্র অধিকার পরিষদ, পাবনার সভাপতি ওলিউর রহমান ওলি প্রমুখ।

এসময় বক্তারা বলেন, গাজায় দীর্ঘ এক বছরেরও বেশি সময়ে ধরে থেমে থেমে হামলা ও হত্যাকাণ্ডে অসংখ্য মুসলিম হত্যা করেছে ইসরাইল। গাজাকে একটি ধ্বংস নগরীতে রূপান্তরিত করা হয়েছে। এরকম বর্বরতা বিশ্ব এর আগে দেখিনি। বিশ্ব মুসলিমের অংশ হিসেবে এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান বক্তারা।

এ সময় ইসরাইলি পণ্য বয়কট স্লোগানে শহীদ চত্বরের পাশে লতিফ টাওয়ারের বাটা শো-রুমে জুতা ও টিল নিক্ষেপ করে বিক্ষুব্ধরা। উত্তেজনা বাড়তে থাকলে ছাত্রনেতারা বিক্ষুব্ধদের নিবৃত্ত করেন। পরে গাজাবাসীর জন্য দোয়া কামনায় মোনাজাত করে কর্মসূচি শেষ করা হয়।

গাজা ফিলিস্তিন ইসরায়েল হামাস নিউ ইয়র্ক জাতিসংঘ ডোনাল্ড ট্রাম্প বিশ্ব সংবাদ ইসরাইল ফিলিস্তিন যুদ্ধ,ইরান-ইসরায়েল উত্তেজনা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:20

URL: <https://www.timestodaybd.com/public/rajshahi/775807442>